

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি

**‘আইসিটি ফর ডেভেলপমেন্ট এওয়ার্ড’ পাওয়ায় সজীব ওয়াজেদ জয়কে
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর অভিনন্দন।**

ঢাকা ২১ সেপ্টেম্বর, ২০১৬ইং –

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে ‘আইসিটি ফর ডেভেলপমেন্ট এওয়ার্ড’ পাওয়ায় অভিনন্দন জ্ঞাপন করেছেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। মন্ত্রী বলেন, বর্তমান সরকারের ঘোষিত ‘ডিজিটাল বাংলাদেশ ও ভিশন ২০২১’ বাস্তবায়নে অনেক গুণেগুনাধিত আইসিটি বিশেষজ্ঞ সজীব ওয়াজেদ জয় শুরু থেকেই সম্পৃক্ত ছিলেন। তাঁর সুচিন্তিত ও সুদূরপ্রসারী ভাবনা, নেতৃত্ব এবং নানান উদ্যোগের ফলেই ‘ডিজিটাল বাংলাদেশ ও ভিশন ২০২১’ আজ বাস্তবে পরিণত হয়েছে। টেকসই উন্নয়নের জন্য প্রতিযোগিতামূলক বিশ্ববাজারে আইসিটি খাতকে এগিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি তিনি এদেশের তরুন সমাজের কাছে রোল মডেলেও পরিণত হয়েছেন। মন্ত্রী তাঁর উত্তরোত্তর আরও সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন।


(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)
তথ্য অফিসার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফিঃ)
মোবা: ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯
E-mail: buyankamrul@gmail.com